

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University

ফোন : ০৩২১-৬২৮১২, ০৩২১-৬২৮৩৩, ফ্যাক্স : ০৩২১-৬২৭৮৮

ই মেইল : [info@nstu.edu.bd](mailto:info@nstu.edu.bd), ওয়েবসাইট : [www.nstu.edu.bd](http://www.nstu.edu.bd)



শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ



বাংলা বিভাগ

Department of Bangla

ফোন : +৮৮ ০১৭১৬১৯৫৭১৭,

ই মেইল : [bangla2017.nstu@gmail.com](mailto:bangla2017.nstu@gmail.com)

স্মারক নং: নোবিপ্রবি/বাংলা/এমএ ভর্তি-২০২২/২৩/ ৫৬৮ তারিখ: ৭ ফেব্রুয়ারি ২০২৪

### স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২২-২৩ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Arts) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালীন বিভাগীয় অফিস থেকে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। নোবিপ্রবি অগ্রণী ব্যাংক শাখা বাংলা বিভাগের (বাংলা বিভাগ বিবিধ হিসাব নম্বর এ ০২০০০২১৭৫৯৯৫১) তে জমা দিতে বলা হবে। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

ডিগ্রি: মাস্টার অব আর্টস ইন বাংলা

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে বাংলা বিষয়ে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রিধারী হতে হবে।
- ২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫ থাকতে হবে এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
- ৩। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র/ ছাত্রী পূর্বে কোনো সেমিস্টারে ভর্তিকৃত কি না, চাকুরিরত কি না, ইত্যাদি বিষয়ে যাচাই- বাচাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।
- ৪। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৫। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। পরীক্ষার তারিখ পরবর্তী সময়ে জানিয়ে দেয়া হবে।

### আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
- ৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্রাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ৫। ভর্তি ফরম জমা করার জন্য ব্যাংক জমাকৃত টাকার রসিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

ড. মোহাম্মদ আনোয়ার হোসেন

অধ্যাপক ও চেয়ারম্যান

বাংলা বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোহাম্মদ আনোয়ার হোসেন  
অধ্যাপক ও চেয়ারম্যান  
বাংলা বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- ১। ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।